দৈনিক ইত্তেফাক

তারিখ 27 DEC 1993
পৃষ্ঠা ৭ কলাম ৪

# ভিক্টোরিয়া কলেজে সংঘর্ষ ॥ ছাত্রীসহ ২০ জন আহত

কুমিল্লা সংবাদদাতা ॥ গতকাল রবিবার দুপুরে ভিক্টোরিয়া কলেজের ডিগ্রী সেকশন প্রাঙ্গনে ছাত্র সংঘর্ষে ১০ জন ছাত্রীসহ ২০ জন আহত হয়। একজন ছাত্রীসহ ৪ জনকে হাসপাতালে ভর্তি করা হইয়াছে। ছাত্রশিবির ও ছাত্রদলের কর্মীদের মধ্যে সম্প্রতি কথা কাটাকাটির জের হিসাবে গতকাল দুপুরে একপক্ষ অতর্কিত ভাবে সাধারণ ছাত্রদের উপর

(৭ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভিক্টোরিয়া কলেজে

(১ম পৃঃ পর)

হামলা চালায়। গুলী ও ককটেলে আহত ছাত্র লীগের (ম-ই) দুইজন কর্মী ছাত্র শিবিরের একজন কর্মী ও নাসিমা বেগম নামক একজন ছাত্রীকে হাসপাতালে ভর্তি করা হইয়াছে। সাবেক এমপি অধ্যাপক খুরশেদ আলম, এমপি আবদুল মতিন খসরু এই হামলার জন্য ছাত্রদলকে দায়ী করিয়াছেন। হামলা চলাকালে পুলিশ নীরব দর্শকের ভূমিকা পালন করে বলিয়া ছাত্ররা অভিযোগ করে। উত্তেজিত ছাত্ররা কয়েকটি দোকান ভাংচুর করে।